



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়

ওয়াসা ভবন

৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।

Website: www.dwasa.org.bd

স্মারক নং-৪৬.১১৩.২০৬.০০.০০৩.২০২৫-৭৪,

তারিখ- ২৬/১১/২৫

সভার নোটিশ

ঢাকা ওয়াসায় নিয়মিত হিসেবে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে ঢাকা ওয়াসার কল্যাণ তহবিল হতে চিকিৎসা সহায়তা প্রদানের বিষয়ে প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই করে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে কল্যাণ তহবিল কমিটির একটি সভা আগামী ০১/১২/২০২৫ খ্রি. তারিখ সোমবার সকাল ১১:০০ ঘটিকায় কমিটির আহ্বায়ক ও উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), ঢাকা ওয়াসা এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

০২। কমিটির সম্মানিত সদস্যগণকে নির্ধারিত তারিখ ও সময়ে সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শাহিদা কানিজ

উপ-সচিব

শ্রম ও কল্যাণ বিভাগ

ঢাকা ওয়াসা

ও

সদস্য-সচিব

কল্যাণ তহবিল কমিটি

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

- (১) উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), ঢাকা ওয়াসা ও আহ্বায়ক, কল্যাণ তহবিল কমিটি।
- (২) প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা ও সদস্য, কল্যাণ তহবিল কমিটি।
- (৩) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাকা ওয়াসা ও সদস্য, কল্যাণ তহবিল কমিটি।
- (৪) সিনিয়র মেডিক্যাল অফিসার, মেডিক্যাল সেন্টার, ঢাকা ওয়াসা ও সদস্য, কল্যাণ তহবিল কমিটি।

স্মারক নং-৪৬.১১৩.২০৬.০০.০০৩.২০২৫-৭৪

তারিখ- ২৬/১১/২৫

অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

- ১। উপ-সচিব, কমন সার্ভিস বিভাগ, ঢাকা ওয়াসা (আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সহকারী সচিব, শ্রম ও কল্যাণ বিভাগ, ঢাকা ওয়াসা (প্রয়োজনীয় কাগজপত্রসহ সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক এর ব্যক্তিগত সহকারী, ঢাকা ওয়াসা (ব্যবস্থাপনা পরিচালক এর সদয় অবগতির জন্য)।
- ৪। অফিস কপি।

উপ-সচিব

শ্রম ও কল্যাণ বিভাগ

ঢাকা ওয়াসা।

ঢাকা ওয়াসা

বিষয় :- ঢাকা ওয়াসার গৃহ নির্মাণ অগ্রিম (২৫%) ঋণ, শিক্ষা ঋণ, বিবাহ ঋণ প্রদান কমিটি ও বৃত্তি প্রদান কমিটি এবং কল্যাণ তহবিল কমিটির সভার সম্মানী প্রদান প্রসঙ্গে।

০১। নির্দেশক্রমে নথি উপস্থাপন করা হলো।

০২। নথিতে সংযুক্ত কাগজপত্র সদয় দেখা যেতে পারে। ঢাকা ওয়াসার শ্রম ও কল্যাণ বিভাগের গৃহ নির্মাণ অগ্রিম (২৫%) ঋণ, শিক্ষা ঋণ, বিবাহ ঋণ প্রদান কমিটি ও বৃত্তি প্রদান কমিটি এবং কল্যাণ তহবিল কমিটির সভার আহ্বায়ক, সদস্য/সদস্য-সচিব, সহযোগী কর্মকর্তা ও সহায়ক কর্মচারীদের সম্মানী পুনঃনির্ধারণ করা হয়েছে (পত্র ক্রমিক নং-০৪)। কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক বর্ণিত কমিটিগুলোর সভা বিভিন্ন সময়ে অনুষ্ঠিত হয়ে থাকে। এক্ষেত্রে প্রতিটি কমিটির সদস্যগণকে সম্মানী ভাতা প্রদান করা হয়। বর্ণিত প্রতিটি কমিটিতে সদস্য সংখ্যা ০৫ (পাঁচ) জন। বর্ণিত কমিটির ০৫ (পাঁচ) জন আহ্বায়ক ও সদস্য/সদস্য-সচিবগণের সম্মানী বাবদ (৫,০০০ X ০৫) = ২৫,০০০/- টাকা, ০১ জন সহযোগী কর্মকর্তা (৭ম থেকে ৯ম গ্রেড) এর সম্মানী বাবদ ২,০০০/- টাকা, ০৩ জন সহায়ক কর্মচারী (১৩তম থেকে ১৬তম গ্রেড) এর সম্মানী বাবদ (১,০০০ X ০৩) = ৩,০০০/- টাকা, ০১ জন সহায়ক কর্মচারী (১৭তম থেকে ২০তম গ্রেড) এর সম্মানী বাবদ (৮০০ X ০১) = ৮০০/- টাকা এবং স্টেশনারী মালামাল ক্রয় বাবদ ১,০০০/- টাকাসহ সর্বমোট (২৫,০০০ + ২,০০০ + ৩,০০০ + ৮০০ + ১,০০০) = ৩১,৮০০/- (একত্রিশ হাজার আটশত) টাকা প্রয়োজন। বর্ণিত গৃহ নির্মাণ অগ্রিম (২৫%) ঋণ, শিক্ষা ঋণ, বিবাহ ঋণ প্রদান কমিটি ও বৃত্তি প্রদান কমিটি এবং কল্যাণ তহবিল কমিটির প্রতি সভায় সম্মানী প্রদান বাবদ ৩১,৮০০/- (একত্রিশ হাজার আটশত) টাকা উপ-সচিব, শ্রম ও কল্যাণ বিভাগ এর অনুকূলে অস্থায়ী অগ্রিম হিসেবে প্রদান করা যেতে পারে।

০৩। এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে গৃহ নির্মাণ অগ্রিম (২৫%) ঋণ, শিক্ষা ঋণ, বিবাহ ঋণ প্রদান কমিটি ও বৃত্তি প্রদান কমিটি এবং কল্যাণ তহবিল কমিটির প্রতি সভায় সম্মানী প্রদান বাবদ ৩১,৮০০/- (একত্রিশ হাজার আটশত) টাকা উপ-সচিব, শ্রম ও কল্যাণ বিভাগের অনুকূলে অস্থায়ী অগ্রিম হিসেবে অনুমোদন করা যেতে পারে। পরবর্তীতে উক্ত টাকা ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

AS (L & W)

অরুণ কুমার পোদ্দার
সহকারী সচিব (অঃ দাঃ)
শ্রম ও কল্যাণ বিভাগ
ঢাকা ওয়াসা।

শাহিনা কানিজ
উপ-সচিব
শ্রম ও কল্যাণ বিভাগ
ঢাকা ওয়াসা।

মোঃ মশিউর রহমান খান
সচিব
ঢাকা ওয়াসা

DMD (HR & Admin)
(প্রতিষ্ঠান কর্মকর্তা)
ড. মুহা. মনিরুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক (আরপিএডভি)
(প্রতিষ্ঠান কর্মকর্তা)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়
মোঃ শাহজাহান মিয়া
অতিরিক্ত সচিব
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

উপ-ব্যবস্থাপনা পরিচালক
মানবসম্পদ ও প্রশাসন

DS-L & W

AS (L & W)